125

দৈনিক ইনকিলাব

তারিখ AUG. 17 1999

পৃষ্ঠা ৭ কলাম ৪

## শিক্ষকদের নতুন অফিস সময়সূচী প্রসঙ্গে

সম্প্রতি সরকার বেসরকারী শিক্ষকদের অফিস সময়সূচী পরিবর্তন করেছেন। নতুন সময়সূচী হচ্ছে সকাল ৯টা হতে বিকেল ৫টা পর্যন্ত। এ সময়সূচী সরকারী অফিসসমূহে প্রচলিত আছে। সরকারী অফিসসমূহ সপ্তাহে দু'দিন ছুটি থাকে। সরকারী অফিসের সাথে তাল মিলিয়ে যেহেতু শিক্ষকদের অফিস করতে হবে সেহেতু শিক্ষকদেরও দু'দিন ছুটি দিতে হবে। আর সরকারী চাকরিজীবীরা যেসব সুযোগ-সুবিধা পাচ্ছে শিক্ষকদেরও তা দিতে হবে। বর্তমান সরকার শিক্ষকদের ৫টি দাবীর যেখানে একটি দাবীও পূরণ করতে পারেনি, সেখানে কি করে ৯টা-৫টা করেন সেটা আমাদের বোধগম্য নয়।

—মোহাম্মদ রুহুল আমিন চপল,
ইংরেজী শিক্ষক, বিনোদপুর পাবলিক উচ্চ বিদ্যালয়,
শরীয়তপুর।